

প্রেস বিজ্ঞপ্তি

নাবারয়গঞ্জ জেলার ফতুল্লা থানাধীন এলাকায় পরিবেশ দূষণকারী ডাইং ও রি-রোলিং কারখানার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের মনিটরিং ও এনফোর্সমেন্ট উইং কতৃক এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা, সাতটি প্রতিষ্ঠানকে সর্বমোট ৩,১৮,৪৯,১৩৫/- (তিন কোটি আঠার লক্ষ ঊনপঞ্চাশ হাজার একশত পঁয়ত্রিশ) টাকা ক্ষতিপূরণ ধার্য

অদ্য ২৬.০৯.২০১৯ খ্রিঃ তারিখে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের মনিটরিং ও এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী এর নেতৃত্বে নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা এলাকায় ইটিপি ও ছাড়পত্রবিহীন পরিবেশ দূষণকারী শিল্প প্রতি

+তষ্ঠানের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় ডাইং ও ওয়াশিং সৃষ্ট তরল বর্জ্য দ্বারা বর্জ্য নিকটস্থ খালের মাধ্যমে শীতলক্ষ্যা নদীতে নির্গমনের মাধ্যমে পরিবেশ দূষণ ও প্রতিবেশের ক্ষতিসাধন করার বিষয়টি প্রমাণিত হওয়ায় রূপসী নীটওয়ার লিঃ কে ১,৯৭,৬৮,৬৪০/- (এক কোটি সাতানব্বই লক্ষ আটষট্টি হাজার ছয়শত চল্লিশ) টাকা, মেসার্স ফজর আলী ডাইং প্রিন্টিং এন্ড ফিনিশিং কে ৭০,৩৩,৪৪০/- (সত্তর লক্ষ তেত্রিশ হাজার চারশত চল্লিশ টাকা, জি এম ডাইং এন্ড স্ক্রিন প্রিন্টিং প্রাঃ লিঃ কে ২৪,৪০,০৯৬/- (চব্বিশ লক্ষ চল্লিশ হাজার ছিয়ানব্বই) টাকা, বরকত ডাইং এন্ড প্রিন্টিং কে ২৬,১,৪৪০/- (ছাব্বিশ হাজার এক হাজার চারশত চল্লিশ) টাকা, মেসার্স আল ফাত্তাহ টেক্সটাইল কে ১৯,৫৫,২৭৯/- (উনিশ লক্ষ পঞ্চাশ হাজার দুইশত উনআশি) টাকা, আল ফাত্তাহ ডাইং কে ১,৯০,২৪০/- (এক লক্ষ নব্বই হাজার দুইশত চল্লিশ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। এছাড়াও পরিবেশগত ছাড়পত্রবিহীন আল হামিদ রি-রোলিং মিল কে ২,০০,০০০/- (দুই লক্ষ) ক্ষতিপূরণ ধার্য করা হয়। এ অভিযানে মোট সাতটি প্রতিষ্ঠানকে সর্বমোট ৩,১৮,৪৯,১৩৫/- (তিন কোটি আঠার লক্ষ ঊনপঞ্চাশ হাজার একশত পঁয়ত্রিশ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

উক্ত অভিযানে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের মনিটরিং ও এনফোর্সমেন্ট উইং এর উপপরিচালক জনাব ডঃ আবদুল্লাহ আল মামুন, পরিদর্শক জনাব মিজা আসাদুল কিবরিয়া, পরিবেশ অধিদপ্তর নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের উপপরিচালক জনাব সাইদ আনোয়ারসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ, র‍্যাং-১১ এর এএসপি মোস্তাফিজুর রহমান এবং জেলা পুলিশের সদস্যবর্গ উপস্থিত থেকে সার্বিক সহায়তা প্রদান করেন।

পরিবেশ ও প্রতিবেশ সুরক্ষার্থে পরিবেশ দূষণকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে এ ধরনের এনফোর্সমেন্ট কার্যক্রম ভবিষ্যতে আরো ব্যাপক ভিত্তিতে অব্যহত থাকবে।

স্বাক্ষরিত

(মো: সাঈদ আনোয়ার)

উপপরিচালক

ফোনঃ ০২৭৬৪২৪১১

ইমেইল: narayananj@doe.gov.bd